

# সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

## শিক্ষা বৃত্তি-২০১৫ সংক্রান্ত বিজ্ঞপ্তি

দেশের বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে বিরাজমান অসাম্য, বঞ্চনা, দারিদ্র দূরীকরণ এবং সুবিধা বঞ্চিত জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নে শিক্ষার গুরুত্ব বিবেচনা করে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত মেধাবী দরিদ্র শিক্ষার্থী, দরিদ্র মুক্তিযোদ্ধার মেধাবী পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইনে সোনালী ব্যাংক লিমিটেডের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে:

- ১। যারা ২০১৪ সালে এসএসসি বা সমমান/এইচএসসি বা সমমান/স্নাতক বা সমমান/ স্নাতক সম্মান বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন শুধু তারাই স্ব স্ব ক্ষেত্রে আবেদন করতে পারবেন।
- ২। বৃত্তির পরিমাণ এককালীন ১৫,০০০/- টাকা।
- ৩। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০১-০৮-২০১৫ হতে ৩১-০৮-২০১৫ তারিখের মধ্যে এ ব্যাংকের ওয়েবসাইট [www.sonalibank.com.bd/csr](http://www.sonalibank.com.bd/csr) এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীর আবেদন ফরম পূরণের নির্দেশনা (এ ব্যাংকের ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক যথাযথভাবে ফরম পূরণ করবেন।
- ৪। Application Form অনলাইনে Submit করার পর পূরণকৃত Application Form প্রিন্ট করে তাতে আবেদনকারীর স্বাক্ষর, ছবি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের/বিভাগীয় প্রধানের সুপারিশসহ সীলমোহরযুক্ত স্বাক্ষর গ্রহণপূর্বক ১০ নং ক্রমিকে উল্লেখিত অন্যান্য কাগজপত্রের সাথে ০৭-০৯-২০১৫ তারিখের মধ্যে ডেপুটি জেনারেল ম্যানেজার, মানব সম্পদ উন্নয়ন বিভাগ, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকায় ডাকযোগে/ কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে।
- ৫। (ক) এইচএসসি/সমমান পর্যায়ে অধ্যয়নরতদের ক্ষেত্রে এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.০০, মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৫০ প্রাপ্ত হতে হবে।  
(খ) স্নাতক, স্নাতক (সম্মান)/সমমান পর্যায়ে অধ্যয়নরতদের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০, মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৭৫ এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.০০ প্রাপ্ত হতে হবে।  
(গ) স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত সাধারণ ও মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে স্নাতক, স্নাতক (সম্মান)/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.০০ প্রাপ্ত হতে হবে।
- ৬। শুধুমাত্র গরীব শিক্ষার্থী/প্রতিবন্ধী শিক্ষার্থী/গরীব মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যাদের (যাদের পিতা/অভিভাবকের মাসিক আয় সর্বোচ্চ ১০,০০০/- টাকার বেশী নয়) আবেদন করতে পারবেন। সামর্থ্যবান ব্যক্তির সন্তানদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৭। অর্থনৈতিকভাবে অনগ্রসর ও প্রত্যন্ত অঞ্চলের (চর, হাওড়, উপকূলীয় অঞ্চল) কৃষক, দিনমজুরদের সন্তানসহ আদিবাসীদের মেধাবী সন্তানগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে বিবেচনা করা হবে। এ ক্ষেত্রে নাগরিকত্ব সনদে চর, হাওড়, উপকূলীয় এলাকা বা আদিবাসী উল্লেখ থাকতে হবে।
- ৮। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৯। বৃত্তি মনোনয়নে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ১০। আবেদনকারী কর্তৃক প্রিন্টকৃত ও স্বাক্ষরিত Application Form এর সাথে নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে :  
(ক) প্রিন্টকৃত ও স্বাক্ষরকৃত মূল Application Form এর সাথে Application Form এর একটি ফটোকপি প্রদান  
(খ) বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অধ্যয়ন সনদ  
(গ) একাডেমিক ট্রান্সক্রিপ্ট  
(ঘ) নাগরিকত্ব সনদ  
(ঙ) পাসপোর্ট আকারের ২টি ছবি (মূল Application Form এর সাথে ১টি এবং অপরটি Application Form এর ফটোকপির সাথে সংযুক্ত করতে হবে)  
(চ) ইউপি/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে শিক্ষার্থীর অভিভাবকের মাসিক আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র (অভিভাবকের পেশা এবং আনুমানিক মাসিক আয় উল্লেখ থাকতে হবে) ও চাকুরীরত অভিভাবকদের পদবী ও বেতন স্কেল উল্লেখসহ সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক বেতনের প্রত্যয়নপত্র  
(ছ) মুক্তিযোদ্ধার পুত্র কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে সম্পর্ক সংক্রান্ত সনদ এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রতিবন্ধী সনদ।

(মোহাম্মদ আশরাফ উল্লাহ)

ডেপুটি জেনারেল ম্যানেজার

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।